



পরীক্ষা নিয়ন্ত্রক দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iau.exam@gmail.com



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং-ইআবি/পনি/ফাজিল অনার্স/২০১৯/ ২৩২৮

২৬ আগস্ট, ২০১৯ খ্রি.
১১ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
২৪ ফিলহজ্জ ১৪৪০ হিজরী

২০১৯ সালের ফাজিল অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের DR List, স্বাক্ষরলিপি এবং প্রবেশপত্র ডাউনলোড সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ফাজিল অনার্স মাদরাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের ফাজিল অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের DR List, স্বাক্ষরলিপি এবং প্রবেশপত্র ডাউনলোড সংক্রান্ত কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম ও নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো।

| ক্রম | কাজের বিবরণ | তারিখ |
|------|---|--|
| ০১ | পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রবেশপত্র ডাউনলোড করে পরীক্ষার্থীদেরকে প্রদানের তারিখ। | ২৬/০৯/২০১৯ থেকে ০৩/১০/২০১৯ তারিখ পর্যন্ত |
| ০২ | প্রবেশপত্রের যে কোন ধরনের সংশোধনের জন্য এবং Online Banking এ- টাকা জমা দিয়ে ব্যাংক রশিদ, আবেদন ও (eFF) এর প্রিন্ট আউট কপি পরীক্ষা নিয়ন্ত্রক দফতরে জমা দেয়ার সর্বশেষ তারিখ। | ২৬/০৯/২০১৯ থেকে ০৬/১০/২০১৯ তারিখ পর্যন্ত |
| ০৩ | সংশোধিত প্রবেশপত্র ওয়েবসাইট হতে ডাউনলোড করার তারিখ | ০৭/১০/২০১৯ থেকে ১০/১০/২০১৯ তারিখ পর্যন্ত |
| ০৪ | DR List ওয়েবসাইট হতে ডাউনলোড করার তারিখ | ০৯/১০/২০১৯ থেকে ১৫/১০/২০১৯ তারিখ পর্যন্ত |
| ০৫ | পরীক্ষার্থীদের স্বাক্ষরলিপি ওয়েবসাইট হতে ডাউনলোড করার তারিখ | ১০/১০/২০১৯ থেকে ১৭/১০/২০১৯ তারিখ পর্যন্ত |

Admit Card, DR List, এবং Signature sheet ডাউনলোড ও প্রিন্ট করার নিয়মাবলী

- ❖ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iau.edu.bd এ ঢুকে eSIF/eFF মেনুতে যাবে।
- ❖ তারপর পরীক্ষা কেন্দ্রের মাদরাসায় EIIN ও Password দিয়ে Login করবে।
- ❖ eFF এর অনুরূপ Class, Year, Type এবং Session নির্বাচন করে Continue বাটনে ক্লিক করবে।
- ❖ বাম পাশের মেনু বক্সে “Admit Card Download” বাটনে ক্লিক করলে কেন্দ্রের আওতাধীন সকল মাদরাসার তালিকা প্রদর্শন করা হবে।
- ❖ প্রদর্শিত তালিকায় প্রতিটি মাদরাসার নামের পাশের Downloads কলামে Generate Admit Card/ Download Admit Card বাটনে ক্লিক করে pdf ফাইলটি জেনারেট করে ডাউনলোড করবে।
- ❖ Retake ও Improvement এর ক্ষেত্রে Generate Admit Card for Retake & Improvement/Download Admit Card for Retake & Improvement বাটনে ক্লিক করে জেনারেট করে ডাউনলোড করবে।

বি: দ্র: প্রবেশপত্র প্রিন্ট করার বিস্তারিত নির্দেশিকা স্ক্রিনশটসহ eSIF/eFF এর নোটিশ সেকশনে পাওয়া যাবে।

- বাম পাশের মেনু বক্সে DR Download বাটনে ক্লিক করে DR তালিকা প্রিন্ট করুন।
- বাম পাশের মেনু বক্সে Signature sheet Download বাটনে ক্লিক করে কেন্দ্রের সকল পরীক্ষার্থীদের Signature sheet Download করে প্রিন্ট করুন।

ব্যাংকে টাকা জমা ও অন্যান্য নিয়মাবলী:

- ১। পরীক্ষার্থীদের প্রবেশপত্র সংশোধনী ফি বাবদ প্রতি পরীক্ষার্থী ৩০০/- (তিনশত) টাকা হারে Online Banking এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ঢাকার হিসাব নং-০২০০০০৯০৮২৩৪১ (ইআবি পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে জমা দিতে হবে। প্রবেশপত্র সংশোধনের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক দফতরে অধ্যক্ষ কর্তৃক আবেদন, ব্যাংক রশিদের মূলকপি ও (eFF) এর প্রিন্ট আউট কপি জমা দিতে হবে।
- ২। ব্যাংকে টাকা জমার পর মাদরাসার অধ্যক্ষ টাকা জমা রশিদের বিপরীত পৃষ্ঠায় সীলমোহরসহ স্বাক্ষর করবেন। কোন ক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের ফি হিসেবে গ্রহণ করা হবে না।
- ৩। বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোন ক্রমেই ফি-এর টাকা জমার রশিদ গ্রহণ করা হবে না।

যোগাযোগের জন্য:

০১৭১৩-৫৫৬১৭৮ (ফাজিল অনার্স শাখা)
০১৭০৯-৩৮৯০০৭ (কারিগরী সহায়তার জন্য)

পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং- ইআবি/পনি/ ফাজিল অনার্স/২০১৯/ ২৩২৮

তারিখ: ২৬.০৮.২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। জীন, ফাজিল স্নাতক শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, সকল ফাজিল অনার্স মাদরাসা।
- ৪। সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফাজিল অনার্স পরীক্ষা-২০১৯।
- ৫। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। ট্রেজারার মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। অফিস কপি।

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।